

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
পরিকল্পনা শাখা

গত ২৪.০৫.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নজিবুর রহমান, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

তারিখ : ২৪.০৫.২০১৭ খ্রিঃ

সময় : বেলা ১২:৩০ ঘটিকা

স্থান : সম্মেলন কক্ষ, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।

২.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

ক্রঃ	নাম	পদবী	দপ্তর
০১।	জনাব মোঃ আবদুর রউফ	অতিরিক্ত সচিব (কর ও বাজেট)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০২।	জনাব মোঃ আব্দুর রাজ্জাক	সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা) ও প্রকল্প পরিচালক	এনবিআর ভবন প্রকল্প জাতীয় রাজস্ব বোর্ড
০৩।	জনাব মোঃ রেজাউল হাসান	সদস্য (শুল্ক প্রশাসন) ও প্রকল্প পরিচালক	ভ্যাট অনলাইন প্রকল্প জাতীয় রাজস্ব বোর্ড
০৪।	জনাব মোঃ আমিনুল বর চৌধুরী এনডিসি	যুগ্ম-সচিব (প্রশাসন ও পরিকল্পনা)	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
০৫।	জনাব মোহাম্মদ আহসানুল হক	কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট	রংপুর কমিশনারেট
০৬।	জনাব হোসাইন আহমেদ	অতিরিক্ত কমিশনার (আইসিডি, কমলাপুর) ও প্রকল্প পরিচালক	স্ক্যানার ক্রয় প্রকল্প জাতীয় রাজস্ব বোর্ড
০৭।	জনাব কাজী দেলোয়ার হোসেন	পরিচালক	আইএমইডি
০৮।	ডঃ আবদুর রহিম	প্রথম সচিব (বোর্ড প্রশাসন)	জাতীয় রাজস্ব বোর্ড
০৯।	জনাব নন্দিতা রানী সাহা	নির্বাহী প্রকৌশলী	গণপূর্ত অধিদপ্তর
১০।	জনাব তাসনিমুর রহমান	যুগ্ম-কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট	যশোর কমিশনারেট
১১।	জনাব মোঃ আব্দুল আখের	সিনিয়র সহকারী প্রধান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
১২।	মোঃ মেহেদী মাসুদ ফয়সাল	সহকারী কর কমিশনার	বরিশাল কর অঞ্চল
১৩।	জনাব তপন চক্রবর্তী	সহকারী কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট	ঢাকা (পঃ) কমিশনারেট

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভার কার্যপত্র অনুসারে বিগত ২৫.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার অনুমোদিত এবং বিতরণকৃত কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। এতে কারো কোনো আপত্তি না থাকায় তা নিশ্চিত করা হয়।

৩.১ অতঃপর সভায় ২০১৬-১৭ অর্থবছরের আরএডিপি'তে এ বিভাগের আওতায় এনবিআর কর্তৃক বাস্তবায়নধীন মোট ৪টি উন্নয়ন প্রকল্পের এপ্রিল, ২০১৭ পর্যন্ত নিম্নরূপ বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়ঃ

(অংকসমূহ কোটি টাকায়)

মোট বরাদ্দ			মোট অবমুক্ত			মোট ব্যয়			মার্চ পর্যন্ত অগ্রগতির হার	
মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	মোট	জিওবি	পিএ	২০১৬-১৭	২০১৫-১৬
৪০৪.১৫	১৩২.১৫	২৭২.০০	৩১২.৭১	৯৬.৩৯	২১৬.৩২	২১৪.৭২	৪৬.৬০	১৬৭.৯২	৫৩.১৩	২৪.১১

৩.২ এ পর্যায়ে গত ২৫.০৪.২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। দেখা যায় যে, গৃহীত অধিকাংশ সিদ্ধান্ত অবাস্তবায়িত রয়েছে। এ প্রসঙ্গে সভাপতি মহোদয় প্রতিটি সভার কার্যবিবরণী অনুমোদিত হওয়ার পর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/দপ্তরে লিখিত আকারে আলাদাভাবে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

৩.৩ অতঃপর প্রকল্পভিত্তিক বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়। 'ভ্যাট অনলাইন' প্রকল্পের অনুকূলে হ্রাসকৃত আরএডিপি বরাদ্দের কথা উল্লেখ করে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা বলেন যে, অর্থবছর প্রায় শেষ হয়ে এলেও প্রকল্প দপ্তর হতে সংশোধিত ব্যয় বিভাজন প্রস্তাব কিংবা ৩য়/৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব পাওয়া যায়নি। জুন মাসে অর্থ বিভাগে কাজের চাপ বেশি থাকায় অর্থ অবমুক্তির প্রস্তাব প্রেরণ করলে সম্মতি পেতে বিলম্ব হতে পারে। সভাপতি মহোদয় যথাসময়ে অর্থ অবমুক্তির

প্রস্তাব প্রেরণ না করায় অসন্তোষ প্রকাশ করে অনতিবিলম্বে সংশোধিত ব্যয় বিভাজন প্রস্তাব এবং অর্থ অবমুক্তির প্রস্তাব প্রেরণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন।

৩.৪ ‘স্ট্রেন্গদেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্পের’ সর্বশেষ অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আইআরডি কর্তৃক গঠিত কমিটির সুপারিশের আলোকে প্রকল্পের পুনর্গঠিত আরডিপিপি ০৫ মে, ২০১৭ তারিখের মধ্যে আইআরডি’তে প্রেরণের কথা থাকলেও তা এখনও পাওয়া যায়নি বলে সিনিয়র সহকারী প্রধান সভায় অবহিত করেন। সভাপতি মহোদয় জরুরীভিত্তিতে আগামী ১৫ জুন, ২০১৭ তারিখের মধ্যে পুনর্গঠিত আরডিপিপি আইআরডি’তে প্রেরণ নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.৫ ‘জাতীয় রাজস্ব ভবন নির্মাণ’ শীর্ষক প্রকল্পের সর্বশেষ অগ্রগতি জানিয়ে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সহকারী প্রধান সভায় জানান যে, প্রকল্পের সংশোধিত ডিপিপি একনেক সভায় অনুমোদিত না হওয়ায় প্রকল্পের নির্মাণকাজের পরবর্তী দরপত্র আহ্বান করা যায়নি। অন্যদিকে, প্রকল্পের সংশোধিত ডিপিপি অনুমোদনে একনেক পরবর্তী করণীয় নির্ধারণের জন্য মাননীয় অর্থমন্ত্রী এবং মাননীয় গণপূর্ত ও গৃহায়ণ মন্ত্রীর উপস্থিতিতে আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বানের লক্ষ্যে একটি সার-সংক্ষেপ মাননীয় অর্থমন্ত্রীর নিকট উপস্থাপন করা হয়েছে। মাননীয় মন্ত্রীর সদয় নির্দেশনা পেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। আলোচনায় অংশ নিয়ে সভাপতি বিষয়টি অতীব গুরুত্বের সাথে বিবেচনা করে সংশ্লিষ্ট সকলকে একযোগে কাজ করার পরামর্শ দিয়ে বলেন যে, প্রকল্পের আরডিপিপি অনুমোদনের সাথে সাথে যেনো নির্মাণকাজ আবার শুরু করা যায় সে লক্ষ্যে দরপত্র আহ্বানের প্রাথমিক কার্যাদি এখনই সম্পন্ন করে রাখতে হবে।

৩.৬ অতঃপর নতুন প্রস্তাবিত (অননুমোদিত) প্রকল্পসমূহের নিম্নরূপ অগ্রগতি সভায় তুলে ধরা হয়ঃ

ক্রঃ	প্রকল্পের নাম	ডিপিপির অবস্থান
০১।	সাতক্ষীরা কাস্টমস ভবন ও ভোমরা এলসি স্টেশন নির্মাণ প্রকল্প	জনবল নির্ধারণের জন্য প্রকল্পের ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
০২।	বন্দ ম্যানেজমেন্ট অটোমেশন প্রকল্প	প্রকল্পটি একনেক সভার জন্য অপেক্ষমান রয়েছে।
০৩।	ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প	গত ২৩.০২.২০১৭ তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্পের ওপর পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পুনর্গঠিত ডিপিপি’তে বেশ কিছু অসঙ্গতি থাকায় সেগুলো নিরসনের উদ্যোগ নেয়া হয়েছে।
০৪।	যশোর কমিশনারেট এর ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	গত ০৭.০২.২০১৭ তারিখে ডিপিপি’র ওপর অভ্যন্তরীণ প্রকল্প যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। জনবল নির্ধারণের জন্য প্রকল্পের ডিপিপি অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে।
০৫।	বরিশাল করভবন নির্মাণ প্রকল্প	ডিপিপি পাওয়া গিয়েছে। যাচাই কমিটিতে উপস্থাপনের জন্য পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।
০৬।	রংপুর কাস্টমস কমিশনারেট ভবন নির্মাণ প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।
০৭।	কাস্টমস হাউজসমূহে স্ক্যানার ক্রয় প্রকল্প	ডিপিপি প্রণীত হয়নি।
০৮।	সাভার ও ধামরাই কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	ডিপিপি পাওয়া গিয়েছে। যাচাই কমিটিতে উপস্থাপনের জন্য পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।
০৯।	মানিকগঞ্জ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরের ভৌত অবকাঠামো উন্নয়ন প্রকল্প	ডিপিপি পাওয়া গিয়েছে। যাচাই কমিটিতে উপস্থাপনের জন্য পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে।

এ পর্যায়ে আলোচনায় অংশ নিয়ে সভাপতি প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়নে দীর্ঘসূত্রিতা এবং পুনর্গঠনের ক্ষেত্রে মাত্রাতিরিক্ত বিলম্বের কারণে গভীর অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন যে, যেহেতু এনবিআর-এ পরিকল্পনা ও উন্নয়নের জন্য আলাদা কোনো উইং নেই সে কারণে প্রকল্প প্রস্তাবকারী কমিশনারেট/অঞ্চল এর সংশ্লিষ্ট কমিশনারগণই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবেন। এ লক্ষ্যে প্রত্যেক কমিশনারেট/অঞ্চল এর হেড কোয়ার্টারস-এ কর্মরত একজন উপযুক্ত কর্মকর্তাকে ‘উন্নয়ন ফোকাল পয়েন্ট’ হিসেবে দায়িত্ব প্রদান করে তা এনবিআর ও আইআরডি’কে জানাতে হবে। পরবর্তিতে আইআরডি’র পরিকল্পনা শাখা হতে সরাসরি সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট এর সাথে যোগাযোগ করে প্রকল্পসমূহের অনুমোদন প্রক্রিয়াকরণ এবং অনুমোদিত প্রকল্পসমূহের সুষ্ঠু বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করবে। এ ক্ষেত্রে এনবিআর-এ বোর্ড প্রশাসন উইং-এর প্রথম সচিব আইআরডি এবং কমিশনারেট/আঞ্চলিক অফিসসমূহের সাথে সমন্বয়সাধনপূর্বক চেয়ারম্যান মহোদয়কে অবহিত রাখবেন।

৩.৭ বিবিধ আলোচনায় আইএমইডি’র পরিচালক বলেন যে, আইআরডি’র এডিপি বাস্তবায়নে সার্বিক অগ্রগতি সন্তোষজনক। তবে, গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহের পূর্ণকালীন প্রকল্প পরিচালক না থাকায় প্রকল্প বাস্তবায়নে আশানুরূপ অগ্রগতি সম্ভব হচ্ছে না। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনানুযায়ী ৫০ কোটি টাকার অধিক ব্যয় সম্বলিত সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রতি মাসের শেষ কর্মদিবসে সংশ্লিষ্ট মাসের ব্যয়ের হিসাব ই-মেইলের মাধ্যমে আইএমইডি’তে প্রেরণের জন্য প্রকল্প পরিচালকগণকে অনুরোধ করেন। তিনি এনবিআর কর্তৃক বাস্তবায়নাধীন ‘চট্টগ্রাম, মংলা, আইসিডি কমলাপুর এবং বেনাপোল কাস্টমস হাউজের জন্য কন্টেইনার ক্রয়’ শীর্ষক প্রকল্পের বাস্তবায়নকালে প্রকল্প বাস্তবায়ন কমিটির কোনো সভা আহ্বান না করায় বিস্ময় প্রকাশ করে বলেন যে, প্রকল্পের যথাযথ তদারকি এবং গাইডলাইন প্রদানের জন্যই প্রকল্পের বাস্তবায়ন কমিটি ও স্টিয়ারিং কমিটিসমূহ গঠন করা হয়। প্রকল্পটি জুন, ২০১৭ মাসে সমাপ্ত হবে উল্লেখ করে তিনি এর পূর্বে অন্ততঃ একটি করে হলেও কমিটিসমূহের সভা আহ্বানের প্রস্তাব করেন। সভায় আইএমইডি’র প্রস্তাবসমূহ গ্রহণ করা হয়।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ৪.১ প্রতিটি সভার খসড়া কার্যবিবরণী অনুমোদিত হওয়ার পর সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/দপ্তরে লিখিত আকারে আলাদাভাবে পত্র প্রেরণ করতে হবে;
- ৪.২ ভ্যাট অনলাইন প্রকল্প দপ্তর জরুরীভিত্তিতে আরএডিপি বরাদ্দের বিভাজন প্রস্তাব এবং তদনুযায়ী ৩য়/৪র্থ কিস্তির অর্থ অবমুক্তির প্রস্তাব প্রেরণ করবে;
- ৪.৩ ‘চট্টগ্রাম, মংলা, আইসিডি কমলাপুর এবং বেনাপোল কাস্টমস হাউজের জন্য কন্টেইনার স্ক্যানার ক্রয়’ শীর্ষক প্রকল্পের যথাসময়ে সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে জুন মাসে পর পর দু’টি স্টিয়ারিং কমিটির সভা এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির সভা আহ্বান করতে হবে;
- ৪.৪ এডিবি’র পরামর্শ এবং আইআরডি কর্তৃক গঠিত কমিটির সুপারিশের আলোকে ‘স্ট্রেন্জেনিং গভর্ন্যান্স ম্যানেজমেন্ট প্রকল্পের পুনর্গঠিত আরডিপিপি ১৫ জুন, ২০১৭ তারিখের মধ্যে অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;
- ৪.৫ জাতীয় রাজস্ব ভবন নির্মাণ’ শীর্ষক প্রকল্পের আরডিপিপি অনুমোদনের সাথে সাথে দরপত্র আহ্বানের প্রাথমিক কার্যাদি এখনই সম্পন্ন করে রাখতে হবে। আরডিপিপি অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ দিতে হবে;
- ৪.৬ প্রকল্প প্রস্তাবকারী কমিশনারেট/অঞ্চল এর সংশ্লিষ্ট কমিশনারগণই প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবেন। এ লক্ষ্যে প্রত্যেক কমিশনারেট/অঞ্চল এর হেড কোয়ার্টারস-এ কর্মরত একজন উপযুক্ত কর্মকর্তাকে ‘উন্নয়ন ফোকাল পয়েন্ট’ হিসেবে দায়িত্ব প্রদান করে তা এনবিআর ও আইআরডি’কে জানাতে হবে;
- ৪.৭ এনবিআর-এ বোর্ড প্রশাসন উইং-এর প্রথম সচিব উন্নয়ন প্রকল্পের যাবতীয় কর্মকান্ডের জন্য সমন্বয়কের দায়িত্ব পালন করবেন। তিনি প্রকল্প প্রস্তাবকারী কর্তৃপক্ষ এবং আইআরডি’র মধ্যে সমন্বয় সাধনপূর্বক চেয়ারম্যান মহোদয়কে অবহিত রাখবেন;

- ৪.৮ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে ৫০ কোটি টাকার অধিক ব্যয় সম্বলিত প্রকল্পসমূহের পূর্ণকালীণ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য এনবিআর আইআরডি'তে প্রস্তাব প্রেরণ করবে; এবং
- ৪.৯ প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি (অর্থ ব্যবহারের সাময়িক হিসাব) প্রতি মাসের শেষ কার্যদিবসে ই-মেইলের মাধ্যমে প্রকল্প পরিচালকগণ যুগপৎ আইএমইডি'তে (kazidelwar@gmail.com) এবং আইআরডি'র সংশ্লিষ্ট ডেস্ক কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিত করবেন। পরবর্তিতে যথানিয়মে অন্যান্য প্রতিবেদনসমূহ প্রেরণ করতে হবে।

৫.০ আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=  
(মোঃ নজিবুর রহমান)  
সিনিয়র সচিব

নং ০৮.০০.০০০০.০৩৯.১৪.০১০.১৪(অংশ-১).১৫৬


তারিখঃ ১১.০৬.২০১৭ খৃঃ

অনুলিপি, সদয় জ্ঞাতার্থে এবং কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ০২। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব শাহিন ইসলাম, যুগ্ম-সচিব)।
- ০৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব কাজী দেলওয়ার হোসেন, পরিচালক)।
- ০৪। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগীচা, ঢাকা (দৃঃ আঃ জনাব নন্দিতা সাহা, নির্বাহী প্রকৌশলী)।
- ০৫। প্রধান, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব সরোওয়ার আলম, উপ-প্রধান)।
- ০৬। প্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ জনাব বোরহানুল হক, উপ-প্রধান)।
- ০৭। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলানগর, ঢাকা (দৃঃ আঃ ডক্টর নূরুন নাহার, উপ-প্রধান)।
- ০৮। সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ০৯। সদস্য (কাস্টমসঃ রপ্তানি ও বন্দ), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১০। প্রকল্প পরিচালক, জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১১। প্রকল্প পরিচালক, এসজিএমপি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১২। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক, কন্টেইনার স্ক্যানার ক্রয় প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগীচা, ঢাকা।
- ১৪। কমিশনার, মংলা কাস্টমস হাউজ, খালিশপুর, খুলনা।
- ১৫। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, যশোর/খুলনা/রংপুর/ঢাকা (পশ্চিম)।
- ১৬। কর কমিশনার, কর অঞ্চল বরিশাল/চট্টগ্রাম-১
- ১৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

অনুলিপি

- ০১। অতিরিক্ত সচিব (কর ও বাজেট), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব (পরিকল্পনা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
- ০৩। জনাব শেখ রবিউল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

  
মোঃ আব্দুল আখের  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯৫৫৪৪৮২